



ফাইমসিস এবং মুসলমানি

- ✚ ছেলে বাচ্চাদের ক্ষেত্রে প্রায়ই আমরা একটা সমস্যার সম্মুখীন হই, বাবা/ মা এসে বলেন, বাচ্চার প্রস্রাবের রাস্তা খুব সরু/ প্রস্রাব করার সময় বেলুনের মতো ফোলে যায়। চিকিৎসা বিজ্ঞানের ভাষায় এটাকে বলা হয় ফাইমসিস। খুব প্রচলিত একটা ধারণা যে, মুসলমানি করলেই এটা ঠিক হয়ে যাবে। দুঃখজনক হলেও সত্যি অনেক সময় রেজিস্টারড চিকিৎসকরাও এই উপদেশ দিয়ে থাকেন। কোয়াকরা আবার একধাপ এগিয়ে, তারা ওয়াশ করার নামে মুত্রনালির ইনফেকশন / স্থায়ী জটিলতা তৈরি করে আমাদের কাছে পাঠায়।
- ✚ গবেষণায় প্রমানিত, ফাইমসিস চিন্তা করে মুসলমানি করানোর হার স্বাভাবিকের তুলনায় ১৫ গুণ বেশি। অথচ আমরা যদি একটু সচেতন হই তবে খুব সহজেই এই জটিলতা পরিহার করতে পারি।
- ✚ **ফাইমসিস কি??**
 - প্রিপিউসকে গ্লান্স পেনিসের পিছনে আনতে না পারা। ৯৬% ক্ষেত্রে জন্মের সময় ফাইমসিস থাকতে পারে। এটা স্বাভাবিক। সাধারণত বয়স বাড়ার সাথে সাথে এটা ঠিক হয়ে যায়।
 - শতকরা ৮০ ভাগ ক্ষেত্রে ৩ বছরের মধ্যে এটা ঠিক হয়ে যায়। বাকিদের ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শে Steroid মলম ব্যবহার করেও ঠিক হয়ে যায়।
 - ৮-১৪% ক্ষেত্রে মুসলমানি লাগতে পারে।
 - দুশ্চিন্তা, অধিক সচেতনতার কারনে অনেক বাবা/মা জোরপূর্বক প্রিপিউসকে পিছনের দিকে আনতে চায়, যা থেকেও তৈরি হতে পারে স্থায়ী জটিলতা।
 - স্বাভাবিক (False phimosis) এর ক্ষেত্রে প্রস্রাব করার সময় কিছুটা ফোলে যেতে পারে
 - অস্বাভাবিক (True phimosis) এর ক্ষেত্রে প্রস্রাব করার সময় ব্যাথা, জ্বালা পোড়া করা, ঘন ঘন ইনফেকশন হতে পারে।

✚ মুসলমানি কখন করব ??

- অস্বাভাবিক (True phimosis)
- Steroid মলম ব্যবহার করে অবস্থার উন্নতি না হলে
- বয়স ১০ এর বেশি হলে স্বাভাবিক (False phimosis) এর ক্ষেত্রে

✚ করনীয়ঃ

- ✓ স্বাভাবিক / অস্বাভাবিক ফাইমসিস কিনা বুঝার জন্যে চিকিৎসকের শরণাপন্ন হওয়া
- ✓ ৩ বছরের পূর্বে চিকিৎসকের পরামর্শ ব্যতীত মুসলমানি করান যাবেনা
- ✓ কোয়াক দের কথায় প্রভাবিত হয়ে ওয়াশ/ জোরপূর্বক প্রিপিউসকে গ্লাস পেনিসের পিছনে আনার চেষ্টা করা যাবেনা।
- ✓ যেসব কারণে ঘন ঘন মুত্রনালির ইনফেকশান হয় (প্রস্রাব আটকিয়ে রাখা, অপরিচ্ছন্ন থাকা, কোষ্ঠ কাঠিন্য, অপ্রয়োজনীয় এন্টিবায়োটিক) সেগুলো পরিহার করা ।

ডাঃ এ এইচ এম মুসলিমা আক্তার
এম বি বি এস, এম ডি (শিশু কিডনি)
সহকারি অধ্যাপক
প্রেসিডেন্ট আব্দুল হামিদ মেডিকেল কলেজ হাসপাতাল
কিশোরগঞ্জ